

■ গাফির (আল মু'মিন) | Ghafir (Al-Mu'min) | (غَافِرُ الْمُؤْمِنِ |

আয়াতঃ ৪০ : ৭৭

■ আরবি মূল আয়াত:

فَاصْبِرْ إِنَّ وَعْدَ اللَّهِ حَقٌّ فَإِمَّا نُرِيَنَّكَ بَعْضَ الَّذِي نَعِدُهُمْ أَوْ نَتَوَفَّيَنَّكَ

فَإِلَيْنَا يُرْجَعُونَ ٧٧

A | ✎ অনুবাদসমূহ:

অতএব তুমি ধৈর্যধারণ কর। নিশ্চয় আল্লাহর ওয়াদা সত্য। আর আমি তাদেরকে যে ওয়াদা দেই, তার কিছু অংশ যদি তোমাকে দেখাই অথবা তোমাকে মৃত্যু দেই, তাহলেও তারা আমার কাছে প্রত্যাবর্তিত হবে। — আল-বায়ান

অতএব তুমি ধৈর্য ধারণ কর, (কেননা) আল্লাহর ওয়াদা সত্য। অতঃপর আমি তাদেরকে (শান্তির) যে ওয়াদা দিয়েছি তার কিছু যদি তোমাকে (এ পৃথিবীতেই) দেখিয়ে দেই অথবা (তাদেরকে শান্তি দেয়ার পূর্বেই) তোমার মৃত্যু ঘটাই, (উভয় অবস্থাতেই) তাদেরকে আমার কাছেই ফিরে আসতে হবে। (আমার শান্তি থেকে তারা রেহাই পাবে না)। — তাইসিরঞ্জ

সুতরাং তুমি ধৈর্য ধারণ কর। আল্লাহর প্রতিশ্রূতি সত্য। আমি তাদেরকে যে প্রতিশ্রূতি প্রদান করি তার কিছু যদি দেখিয়েই দিই অথবা তোমার মৃত্যু ঘটাই - তাদের প্রত্যাবর্তনতো আমারই নিকট। — মুজিবুর রহমান

So be patient, [O Muhammad]; indeed, the promise of Allah is truth. And whether We show you some of what We have promised them or We take you in death, it is to Us they will be returned. — Sahih International

৭৭. সুতরাং আপনি ধৈর্য ধারণ করুন। নিশ্চয় আল্লাহর প্রতিশ্রূতি সত্য। অতঃপর আমরা তাদেরকে যে প্রতিশ্রূতি প্রদান করি তার কিছু যদি আপনাকে দেখিয়ে দেই অথবা আপনার মৃত্যু ঘটাই—তবে তাদের ফিরে আসা তো আমাদেরই কাছে।

-

তাফসীরে জাকারিয়া

(৭৭) সুতরাং তুমি ধৈর্য ধারণ কর, নিশ্চয় আল্লাহর প্রতিশ্রূতি সত্য। [1] আমি ওদেরকে যে প্রতিশ্রূতি দিয়েছি, তার কিছু যদি তোমাকে দেখিয়ে দিই [2] অথবা তার পূর্বে তোমার মৃত্যু ঘটাই- (সর্বাবস্থায়) ওদের প্রত্যাবর্তন তো আমারই নিকট। [3]

[1] আর তা এই যে, আমি কাফেরদের নিকট থেকে প্রতিশোধ গ্রহণ করব। আর এই প্রতিশ্রুতি সত্ত্বরও পূরণ হতে পারে। অর্থাৎ, দুনিয়াতেই আমি তাদেরকে পাকড়াও করব অথবা আমার ইচ্ছানুযায়ী এতে বিলম্বও হতে পারে। অর্থাৎ, কিয়ামতের দিন আমি তাদেরকে শাস্তি দেব। তবে এ কথা নিশ্চিত যে, আমার পাকড়াও থেকে রেহাই পেয়ে কোথাও পালাতে পারবে না।

[2] অর্থাৎ, তোমার জীবন্দশায় তাদেরকে আয়াবে পতিত করি। আর হলও তা-ই। আল্লাহ কাফেরদের নিকট থেকে প্রতিশোধ নিয়ে মুসলিমদের চক্ষু শীতল করলেন। বদর যুদ্ধে ৭০ জন কাফের মারা গেল। হিজরী ৮ম সনে মক্কা বিজয় হল এবং নবী করীম (সাঃ)-এর যুগেই সম্পূর্ণ আরব উপনিপ মুসলিমদের কজায় চলে এল।

[3] অর্থাৎ, কাফেররা যদি পার্থিব শাস্তি থেকে বেঁচেও যায়, তবুও শেষে যাবে কোথায়? অবশ্যে আমার কাছেই আসবে। আর এখানে তাদের জন্য কঠিন শাস্তি প্রস্তুত আছে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=4210>

১ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন